

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬১৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২০]

পর্ব-২০: তাহাজ্বদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৯: (নিদ্রা থেকে জাগ্রত হওয়ার পর) যে যিকরের মাধ্যমে কিয়ামূল লায়ল শুরু করা হবে

باب ذِكْرِ مَا يُسْتَفْتَحُ بِهِ الْقِيَامُ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، قال: حَدَّقَنَا سُفْيَانُ، عَنِ الْأَحْوَلِ يَعْنِي سُلَيْمَانَ بْنَ أَبِي مُسْلِمٍ، عَنْ طَاوُسٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قال: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ عَنْ طَاوُسٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قال: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ يَتَهَجَّدُ، قَالَ: اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ نُورُ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ، وَلَكَ الْحَمْدُ أَنْتَ مَلِكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ، وَلَكَ الْحَمْدُ أَنْتَ حَقُّ وَالْجَنَّةُ حَقٌّ وَالْبَيْوِنَ وَلَالَّارُ حَقُّ وَالسَّاعَةُ حَقٌ وَالنَّيْوِنَ حَقُّ وَالْبَيُونَ مَتَّ وَلِكَ الْحَمْدُ أَنْتَ مَلْكُ أَسْلُمْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَبِكَ آمَنْتُ، ثُمَّ ذَكَرَ قُتَيْبَةُ كَلِمَةً مَعْنَاهَا، وَبَكَ خَاصَمَتُ وَإِلَيْكَ حَاكَمْتُ، اغْفِرْ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخَرْتُ وَمَا أَعْلَنْتُ، أَنْتَ الْمُقَدِّمُ وَلَا إِلَا لَكَ أَلْتُ مَوْلَ وَلَا قُوّةَ إِلَّا بِاللَّهِ .

تخريج دارالدعوه: صحيح البخارى/التهجد ۱ (۱۱۲۰)، الدعوات ۱۰ (۲۳۱۷)، التوحيد ۸ (۷۳۸۵)، ۲۲ (۷۲۹۷)، صحيح مسلم/المسافرين ۲۱ (۷۲۹)، سنن ابن ماجم/الإقامة ۱۸۰ (۱۳۵۵)، (تحفة الأشراف: ۵۷۰۲)، مسند احمد ۱۲۹۸، ۳۸۸، ۳۸۸، ۳۸۸، ۳۸۸، سنن الدارمي/الصلاة ۱۲۹ (۱۵۲۷) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1620 _ صحيح

বাংলা

১৬১৯. কুতায়বাহ্ ইবনু সাঈদ (রহ.) ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী (সা.) যখন রাতে



নিদ্রা থেকে জাগতেন, তাহাজ্জ্বদের সালাত আদায় করতেন। (আর) তিনি বলতেন -

"আল্ল-হুম্মা লাকাল হামদু আনতা নূরুস্ সামাওয়াতি ওয়াল আর্যি ওয়ামান ফীহিন্না ওয়ালাকাল হামদু আনতা কইয়ামুস সামা-ওয়া-তি ওয়াল আর্যি ওয়ামান ফীহিন্না ওয়ালাকাল হামদু আনতা মালিকুস সামা-ওয়া-তি ওয়াল আর্যি ওয়ামান ফীহিন্না ওয়ালাকাল হামদু আনতা হারুন ওয়া ওয়া'দুকা হারুন ওয়াল জান্নাতু হারুন ওয়াননা-রু হারুন, ওয়াসসা-'আতু হারুন ওয়ান নাবিয়ানা হারুন ওয়া মুহাম্মাদুন হারুন লাকা আসালামতু ওয়া আলায়কা তাওয়াক্কালতু ওয়াবিকা আ-মানতু।"

(হে আল্লাহ! তোমার জন্যই সকল প্রশংসা। আকাশমণ্ডলী, পৃথিবী এবং এ দুয়ের মধ্যে যা কিছু আছে তুমি তার নূর [জ্যোতি]। তোমার জন্যই সকল প্রশংসা। তুমি আকাশসমূহ, পৃথিবী এবং এ দুয়ের মধ্যে যা কিছু আছে সব কিছুর স্রষ্টা সমস্ত প্রশংসা তোমার জন্যই। তুমি আকাশসমূহ পৃথিবী এবং এ দুয়ের মধ্যে যা কিছু আছে সবকিছুর মালিক। তোমার জন্যই সকল প্রশংসা। তুমিই সত্য। তোমার প্রতিশ্রুতি [ওয়া'দা] সত্য, জাল্লাত সত্য, জাহাল্লাম সত্য, কিয়ামত সত্য, নবীগণ সত্য এবং মুহাম্মাদ (সা.) সত্য। আমি তোমার প্রতি আত্মসমর্পণ করেছি। তোমার ওপর ভরসা করেছি এবং তোমার প্রতি ঈমান এনেছি)।

অতঃপর কুতায়বাহ এমন শব্দ উল্লেখ করেছেন, যার অর্থ হলো-

"ওয়াবিকা খা-সমতু, ওয়া ইলায়কা হা-কামতু, ইগফিরলী মা- কুদ্দামতু ওয়ামা- আখখরতু ওয়ামা-আ'লানতু, আনতাল মুকদ্দিমু ওয়া আনতাল মুআখখিরু, লা- ইলা-হা ইল্লা আনতা, ওয়ালা- হাওলা ওয়ালা-কুওয়াতা ইল্লা বিল্লা-হ" (আর তোমার উদ্দেশ্য আমি ঝগড়া করি আর তোমার নিকট আমি বিচার চাই। তমি আমাকে ক্ষমা কর যা আমি আগে [পাপ] করেছি, যা আমি পরে পাপ করব এবং যা আমি প্রকাশ্যে পাপ করেছি। তুমিই সর্বপ্রথম ও সর্বশেষ। তুমি ছাড়া কেউ সত্য উপাস্য নেই। আর আল্লাহর তাওফীক ছাড়া পাপ থেকে ফেরার ও সৎকাজ [নড়া-সরা] করার সাধ্য নেই।)।

English

With what Qiyam should begin

It was narrated that Ibn 'Abbas said: When the Prophet (ﷺ) got up at night to pray Tahajjud, he said: Allahumma, lakal-hamdu anta nurus-samawati wal-ardi wa man fihinna wa lakal-hamdu anta qayyamus-samawati wal ardi wa man fihinna wa lakal-hamdu, anta haqqun wa wa'duka haqqun wal jannatu haqqun wan-nuru haqqun wan-nabiyyuna haqqun wa Muhammadan haqqun, laka aslant wa 'alaika tawakkaltu wa bika amant. (O Allah, to You be praise, You are the Light of the heavens and earth and whoever is in them. To You be praise, You are the Sustainer of the Heavens and the earth and whoever is in them. To You be praise; You are True, Your promise is true, Paradise is true, Hell is true, the Hour is true, the Prophets are true and Muhammad is true. To You have I submitted, in You I put my trust and in You I have believed.' Then (one of the narrators) Qutaibah mentioned some words the meaning of which was: Wa bika



khasamtu wa ilaika hakamtu, ighfirli ma quadrate wa ma akhkhartu wa ma a'lantu antal-muqaddimu wa antal-mu'khkhir, la ilaha illa anta wa la hawla wa la quwwata illa billah (And with Your help I argue [with my opponents, the non-believers], and I take You as a judge [to judge between us]. Forgive me my past and future sins and those that I commit openly. You are the One who puts [some people] back and bring [others] forward. There is no God but You and there is no power and no strength except with Allah).'

ফুটনোট

সহীহঃ বুখারী ১১২০, মুসলিম ৭৬৯, ইবনু মাজাহ ১৩৫৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন